ভোরের কাগজ

39

তারিখ 01 DEC 1998
পৃষ্ঠা 8 কলাম ৩

# মুহসীন হল কি খুনিদের অভয়ারণ্য?

মাননীয় ভিসি সম্প্রতি বলেছেন যে, আমাদের হলগুলোতে কোনো বহিরাগত নেই। আর থাকলেও তারা রাতে হলে অবস্থান করে না। আপনার বক্তব্য আবাসিক ছাত্রদের কাছে নেহাত রূপকথার মতো মনে হয়েছে। বিশেষ করে মুহসীন হলই ঢাকা বিশ্ববিদ্যালয়ের একমাত্র হল যা রয়েছে সম্পূর্ণ বহিরাগতদের নিয়ন্ত্রণে। তাদের সঙ্গে রয়েছে রাজধানীর অপরাধচক্রগুলোর সরাসরি সম্পর্ক। তাই এ হলে চলছে প্রতিনিয়ত শত শত বহিরাগতদের আনাগোনা। এমন কোনো অপরাধ কর্ম নেই যা এখানে সংঘঠিত হয় না। তারা হলের সিঙ্গেল রুমগুলো দখল করে তাতে চালায় গাঁজা-ফেনসিডিলের আড্ডা। যখন-তখন গুলি ফুটিয়ে উল্লাস করে। সাধারণ ছাত্রদের করে তোলে আতঙ্কগ্রস্ত। বর্তমানে এছাড়াও শুরু হয়েছে বহিরাগতদের কর্মকাণ্ডের নতুন মাত্রা। তারা হলে আশ্রয় দিচ্ছে বিভিন্ন খুনের আসামিদের এমনকি রাজধানীর কয়েকটি আলোড়িত খুনের আসামিরা হলে অবস্থান করছে নির্বিঘ্নে। এর কি কোনো প্রশাসনিক প্রতিকার নেই? নাকি এখানে আশ্রয় পেলেই সকল কিছুর উর্ধ্বে অবস্থান করা যায়? নাকি মুহসীন হলই খুনিদের একমাত্র অভয়ারণ্য?

বিপ্লব
৪২০, মুহসীন হল
ঢাকা বিশ্ববিদ্যালয়।